

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.৪২.৫৬০০.০০০.১৪.০০৬.১৫.৯৫০

১১ বৈশাখ ১৪২৪
তারিখঃ ২৪ এপ্রিল ২০১৭

বিষয়ঃ ২০১৬-২০১৭ অর্থ বছরে মানিকগঞ্জ জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।


সূত্রঃ মানিকগঞ্জ জেলা পরিষদের স্মারক নং- জেপ-মানিক/প্রকল্প-০১/২০১৬/১৯০, তারিখঃ ২৩/০৩/২০১৭।

২০১৬-২০১৭ অর্থবছরে মানিকগঞ্জ জেলা পরিষদের অনুমোদিত রাজস্ব বাজেটের আওতায় ৯,৫৫,৫০০ (নয় লক্ষ পঞ্চাশ হাজার পাঁচশত) টাকায় গৃহীত নিম্নোক্ত প্রকল্পটি বিধি মোতাবেক নিম্নে বর্ণিত শর্তে বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো :

ক্রমিক নং	প্রকল্পের নাম	বরাদ্দের পরিমাণ
১	মানিকগঞ্জ জেলার বেকার যুবক/যুব মহিলাদের আত্মকর্মসংস্থানমূলক কম্পিউটার প্রশিক্ষণ	৯,৫৫,৫০০

শর্তসমূহ :

- ১) প্রশিক্ষার্থী বাছাইয়ের জন্য বহুল প্রচলিত জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদান;
- ২) প্রশিক্ষণ প্রকল্প বাস্তবায়নের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মানিকগঞ্জ উপ পরিচালক, স্থানীয় সরকার, মানিকগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার সদর, মানিকগঞ্জ সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, মানিকগঞ্জ এর সমন্বয়ে কমিটি গঠন;
- ৩) বিজ্ঞপ্তির মাধ্যমে প্রাপ্ত আবেদনপত্রসমূহ কমিটির মাধ্যমে যাচাই বাছাই করে প্রশিক্ষণার্থী নির্বাচন করে তাদের নামের তালিকা (জাতীয় পরিচয় পত্রের নম্বর উল্লেখসহ) মন্ত্রণালয় কে অবহিত রেখে প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ;
- ৪) কম্পিউটার প্রশিক্ষণ সংক্রান্ত কোর্সসমূহ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল পরিচালিত বেসিক আইসিটি ট্রেনিং এর কোর্স মডিউলের অনুরূপে পরিচালনা করতে হবে;
- ৫) প্রশিক্ষকের সম্মানী প্রতি ক্লাসের জন্য সর্বোচ্চ ৫০০/ (পাঁচশত) টাকা হারে প্রদান করতে হবে;
- ৬) প্রশিক্ষার্থীগণকে বিনা মূল্যে প্রশিক্ষণের সুযোগ পাচ্ছেন সেহেতু তাদেরকে আর কোন সম্মানী/যাতায়াত বাবদ ভাতা দেয়া যাবেনা; প্রশিক্ষার্থীদের নাস্তার জন্য সর্বোচ্চ প্রতিদিন ৫০.০০ (পঞ্চাশ) টাকা ব্যয় করা যাবে;
- ৭) যেহেতু আলোচ্য প্রশিক্ষণ কার্যক্রম “জেলা পরিষদ আইন ২০০০” এর ঐচ্ছিক কার্যাবলীর সামাজিক উন্নয়নের আওতাভুক্ত সেহেতু জেলা পরিষদের কার্যাবলীর আওতাভুক্ত কোন প্রকল্প বাস্তবায়নের জন্য (জেলা পরিষদ চত্বরে পরিচালিত প্রশিক্ষণ কার্যক্রম) জেলা পরিষদের কর্মকর্তা/কর্মচারীগণকে আলাদাভাবে কোন সম্মানী দেয়া যাবেনা;
- ৮) উপরে বর্ণিত শর্তাবলী যথাযথ অনুসরণ করতে হবে।


(জুবাইদা নাসরীন)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, মানিকগঞ্জ।

অনুলিপি :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক (মইইউইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা (অনুমোদিত প্রকল্প দুটি সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। চেয়ারম্যান, জেলা পরিষদ, মানিকগঞ্জ।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।